

*Importance of games for students – chhatro jibone khela-dhular gurutto: chhatro-chhatrider kache lekha pora holo ek bises sadhonar byapar. Tader mon diye porashona kortei hoy. Lekha porai...*

ছাত্রজীবনে খেলাধুলার গুরুত্ব ক্লাস ৯-১০

(সিডি ১৪৫এন্ডি--)

ছাত্রছাত্রীদের কাছে লেখাপড়া হল এক বিশেষ সাধনার ব্যাপার। তাদের মন দিয়ে পড়াশোনা করতেই হয়। লেখাপড়াই শিক্ষার্থীদের ধর্ম। কিন্তু ছাত্রজীবনে দেহমনের সুষ্ঠু বিকাশের জন্যে খেলাধুলা অপরিহার্য। লেখাপড়া করে ছাত্রছাত্রীরা জ্ঞান অর্জন করে থাকে। কিন্তু তাদের চারিত্রিক এবং শারীরিক বিকাশের জন্যে শুধু লেখাপড়া করাই যথেষ্ট নয়। তাদের শরীর ও মনের ব্যায়াম দরকার। তাই শিক্ষার সঙ্গে খেলাধুলার রয়েছে নিবিড় সংযোগ।

পড়াশোনার পাশাপাশি নিয়মিত খেলাধুলার অভ্যাস থাকলে দেহ যেমন সুস্থ থাকে তেমনি মনও থাকে নির্মল। লেখাপড়ার অবসরে শরীর চর্চা খুবই জরুরি। আর শরীর চর্চার জন্যে দরকার খেলাধুলা। শারীরিক সুস্থতার অভাবে অনেক মেধাবী ছাত্রছাত্রী শেষ পর্যন্ত বিদ্যাচর্চায় সাফল্য অর্জন করতে পারেনি এমন দৃষ্টান্ত প্রচুর আছে। অতএব ছাত্র জীবনে অধ্যয়নের পাশাপাশি খেলাধুলাও চাই। শিক্ষা ও খেলাধুলা একে অপরের প্রতিপক্ষ নয়। বরং অন্যতম সহায়ক।

ছাত্রজীবনে চরিত্রগঠনের ক্ষেত্রে খেলাধুলার একটা বিশিষ্ট স্থান আছে। নিয়মানুবর্তিতা, শৃঙ্খলা, কর্তব্য নিষ্ঠা, সময়-সচেতনতা, পারস্পরিক সহযোগিতার বোধ, সততা, নীতিবোধ প্রভৃতি হল মানব চরিত্রের কয়েকটি উল্লেখযোগ্য দিক। খেলার মাঠে নিয়ম শৃঙ্খলার অভ্যাস বাস্তব জীবনে কাজে লাগে। খেলাধুলার মাধ্যমে আরও কতকগুলি গুণ ছাত্রছাত্রীরা অর্জন করে। দলবদ্ধভাবে যে কোন কাজ করতে শেখে। এর ফলে পরবর্তী কালে তারা সহজেই দলবদ্ধভাবে কোন পরিকল্পনা রূপায়নে সমর্থ হয়। খেলাধুলা মন থেকে ভয়ের অবসান ঘটায়। একটা সুস্থ প্রতিযোগিতামূলক মনোভাব তৈরি হয়। ছাত্রজীবনে নিয়মিত খেলাধুলার চর্চা থাকলে কর্ম জীবনে তারা কোন কঠিন কাজের মোকাবিলা করতে ভয় পায় না। খেলায় হারজিতের ব্যাপারটাকেও তারা সহজভাবে গ্রহণ করতে অভ্যস্ত হয়ে ওঠে বলে বাস্তব জীবনের হারজিতের খেলায় তারা ভেঙে পড়েনা। তাদের মনের প্রসার বাড়ে।

ছাত্রজীবনে খেলাধুলার গুরুত্ব যেমন অসীম তেমনি কিছু সতর্কতারও প্রয়োজন আছে। কোন শিক্ষার্থী শুধু মাত্র খেলাধুলার দিকে মনোযোগ দিলে তার পড়াশোনার যথেষ্ট ক্ষতি হয়। অতএব পড়াশোনার পাশাপাশি খেলাধুলা করতে হবে। অতিরিক্ত খেলাধুলায় শরীর বেশি ক্লান্ত হয়ে পড়লে তখন ইচ্ছে থাকলেও পড়াশোনায় আশানুরূপ সাফল্য অর্জন করা যায় না।

ছাত্রজীবনে খেলাধুলার একটা গুরুত্বপূর্ণ স্থান আছে। এই বিষয়ে আজকাল সরকারি এবং বেসরকারি মহল যথেষ্ট সচেতন। যারা সাধারণ ছাত্রছাত্রী তাদের জন্যেও পড়াশোনার পাশাপাশি খেলাধুলার চর্চার যথেষ্ট সুযোগ রয়েছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে। আজকের মানুষ ভাবছে খেলাধুলার মাধ্যমে শুধু জাতীয় ঐক্য নয়, বিশ্ব ভ্রাতৃত্ববোধ গড়ে তোলাও সম্ভব।

© আরকেড ইনফোটেক ২০১৫